



## ঈদে মিলাদুল্লাহীতে বিশ্ব সুন্নী আন্দোলনের সমাবেশ ও শোভাযাত্রা



সংগৃহীত ছবি

পবিত্র ঈদে মিলাদুল্লাহী উপলক্ষে জাতীয় প্রেসক্লাবে সমাবেশ ও রাজধানীর বিভিন্ন সড়কে বর্ণাঢ্য শোভাযাত্রা করেছে বিশ্ব সুন্নী আন্দোলন। সমাবেশে বক্তারা বলেন, আসল ইসলামকে রক্ষা ও প্রিয়নবীর পথ অনুসরণ ছাড়া মানবজীবনে শান্তি আসবে না।

পবিত্র ঈদে মিলাদুল্লাহী উপলক্ষে রাজধানীতে সমাবেশ ও বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করেছে বিশ্ব সুন্নী আন্দোলন। শনিবার (৬ সেপ্টেম্বর) জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনটির প্রতিষ্ঠাতা আল্লামা ইমাম হায়াত।

তিনি বলেন, প্রিয়নবীর বক্তন ও পথ ছাড়া মানবজীবন অর্থহীন। বর্তমানে আসল ইসলাম বিপন্ন হয়ে অন্ধকারে নিমজ্জিত বলে অভিযোগ করেন তিনি। এসময় তিনি উল্লেখ করেন, ইসলাম কোনোভাবেই জোরপূর্বক চাপিয়ে দেয়ার ধর্ম নয় এবং এতে জবরদস্তি নিষিদ্ধ। পাশাপাশি মুসলিম উম্মাহর ঐক্য ও শান্তির জন্য দোয়া করেন।

আল্লামা হায়াত ঈদে মিলাদুল্লাহীকে কেবল আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ রাখার সমালোচনা করেন। তার ভাষায়, এমন গতানুগতিক উদযাপন মুক্তির পথ দেখায় না, বরং সমাজে বিভ্রান্তি ও ক্ষতির কারণ হয়।

সমাবেশ শেষে জাতীয় প্রেসক্লাব থেকে হাইকোর্ট মাজার পর্যন্ত বর্ণাঢ্য শোভাযাত্রা বের করে সংগঠনটির নেতাকর্মীরা।